গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৪.১৯-৩৪৪ তারিখ: ০১.০৯.২০১৯ খ্রি.

বিষয়: জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ১৭.৪ অনুসরণক্রমে এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি (এমপিও)উত্তোলন, পরিশোধ এবং প্রতিস্বাক্ষর প্রসঙ্গে।

সূত্র: (১) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ তারিখ: ১৯.০৭.২০১৮ খ্রি.
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-৪১২ তারিখ: ১৮.০৮.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত ০১ নং স্মারকমতে গত ১৯.০৭.২০১৮খ্রি. তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ জারি করা হয়।

০২. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের ১৭.৪ নং অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে যে,"ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান বেতন ভাতা বিলে যৌথ ভাবে স্বাক্ষর করবে। নিয়মিত কমিটি /এডহক কমিটির অবর্তমানে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরে মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন।"

০৩. লক্ষ্য করা যাচ্ছে যে, সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের ১৭.৪ নং অনুচ্ছেদ কোথাও কোথাও যথাযথ ভাবে অনুসরণ করা হচ্ছে না এবং ম্যানেজিংকমিটি/ গভর্ণিং বডির প্রাক্তন সভাপতি বা অন্যকোন ব্যক্তি বা সদস্য এবং জুনিয়র শিক্ষক (প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক নয়) এর যৌথ স্বাক্ষরে মাদ্রাসার এমপিও বিল তৈরি হচ্ছে এবং বেতন ভাতা উত্তোলিত হচ্ছে যা সরকারি আদেশের সুস্পষ্ট লঙ্ঘন ।

০৪. আরও লক্ষ্য করা যাচ্ছে যে, নিয়মিত কমিটি /এডহক কমিটির অবর্তমানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ (অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা) মাদ্রাসার বেতন ভাতাদির (এমপিও) বিলে প্রতিস্বাক্ষর না করে পৃথক অফিস আদেশের জন্য অত্র অধিদপ্তরে প্রেরণ করছেন যার আদৌ প্রয়োজন নেই মর্মে প্রতিয়মান হয়।

০৫. এমতাবস্থায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৭.৪ অনুচ্ছেদ যথাযথ ভাবে অনুসরণক্রমে এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি (এমপিও)উত্তোলন, পরিশোধ এবং প্রতিস্বাক্ষর করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Zaman
01.09.19

মোহাম্মদ শামসুজ্জামান
উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন: ৪১০৩০১৬৪
email:ddfinancedme@gmail.com

বিতরণ:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১. অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)
০২. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)
০৩. ডেপুটি জেনারেল ম্যানেজার ( অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান শাখা/ জনতা ব্যাংক লিঃ, লোকাল অফিস/ রূপালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়/ সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয়
০৪. অধ্যক্ষ/ সুপার .......... (এমপিওভুক্ত সকল মাদ্রাসা)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
২। জেলা প্রশাসক (সকল) ।
৩। জেলা শিক্ষা অফিসার (সকল) ।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) ।
৫। অফিস কপি।